গ্রেড A ক্লিংকার
শুধুমাত্র কনফিডেন্স সিমেন্টই ব্যবহার করছে
কনফিডেন্সসিমেন্ট | আস্থা রাখুন
01755-550035, 01755-550036

দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক

ফ্লাই এ্যাশ (ছাই) মুক্ত
রয়েল সিমেন্ট
ফাটল ও নোনা রোধী
যোগাযোগ : কবির মঞ্জিল, শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম। ০১৭০৮-১৩৪৭৯৮

মঙ্গলবার | ১৫ মার্চ ২০২২ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬২তম বর্ষ ১৮৯ সংখ্যা | ১ চৈত্র ১৪২৮ সাল | ১১ শাবান ১৪৪৩ হিজরি | ৮ পৃষ্ঠা | ৬ টাকা

# প্রিমিয়ার ভার্সিটিতে আন্তর্জাতিক গণিত দিবস পালিত

প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগে আন্তর্জাতিক গণিত দিবস উদ্‌যাপন উপলক্ষে বিভিন্ন কর্মসূচি পালন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে কর্মসূচির উদ্বোধন করেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। শুরুতে এবারের প্রতিপাদ্য বিষয়ের উপর বিভাগের শিক্ষার্থীদের তৈরী চারটি প্রজেক্ট ও প্রজেক্ট সমূহের উপর নির্মিত ডকুমেন্টারি প্রর্দশন করা হয়। শুরুতে মুজিব বর্ষ এবং স্বাধীনতার সুর্বণজয়ন্তী উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। প্রধান অতিথি বলেন, গণিত একটি মৌলিক বিষয়। এটি ছাড়া বিজ্ঞানের অগ্রগতি সম্ভব নয়। প্রদর্শিত প্রজেক্টসমূহের উপর আলোচনার সূত্রপাত করে তিনি বলেন, মানবজীবনের প্রায় সকলক্ষেত্রে অপ্‌টিমাইজেশনের ব্যবহার একরকমের স্বভাবজাত হয়ে উঠেছে। ইকো সিস্টেমের প্রক্রিয়াগুলোর গাণিতিক রূপ, নাম্বারের ব্যবহারসহ্‌ প্রজেক্টসমূহের বাস্তবিক দিক নিয়ে তিনি আলোচনা করেন। নতুন শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে তিনি বলেন, তোমরা এ বিভাগ থেকে ডিগ্রী অর্জন করে প্রত্যেকে অন্তত দশজন ক্ষুদে শিক্ষার্থীর মধ্যে গণিতের প্রেরণা তৈরী করে দিতে পারলে আমাদের সমাজে শিক্ষা ও গবেষণায় অভাবনীয় অগ্রগতি সাধিত হবে। বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর এ. কে.এম তফজল হক বলেন, গণিত বিভাগ নিয়মিত শিক্ষা কার্যক্রমের পাশাপাশি গবেষণা এবং অন্যান্য অতিরিক্ত ও সহ-পাঠক্রমিক কার্যক্রম মানসম্মতভাবে পরিচালিত করে আসছে। বিশেষ অতিথির বক্তব্যে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় গণিত বিভাগের প্রাক্তন চেয়ারম্যান প্রফেসর ড. গনেশ চন্দ্র রায় বলেন, দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর থেকে সম্পদের সীমাবদ্ধতা দূরীকরণে অপ্‌টিমাইজেশনের প্রসার লাভ করে। তিনি বিশুদ্ধ গণিত অধ্যয়নের প্রতি ছাত্রছাত্রীদেরকে আরো আগ্রহী হওয়ার জন্য আহবান জানান। বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনিরের সভাপত্বিতে অনুষ্ঠিত সভায় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর আহমেদ রাজীব চৌধুরী, বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ। প্রেস বিজ্ঞপ্তি।




*বক্তব্য রাখছেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন*

Ref: Daily Azadi, Date: 15 March 2022, Page: 3, Col: 7
https://edainikazadi.net/index.php?page=1&date=2022-03-15




চট্টগ্রাম মঙ্গলবার ১৫ মার্চ ২০২২
# দৈনিক পূর্বকোণ
মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত
রেজিঃ নম্বর-চ-৮৯।। ৩৭তম বর্ষ ৩৩তম সংখ্যা।। ১ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ।। ১১ শাবান ১৪৪৩ হিজরি।। Tuesday 15 March 2022।। ৮ পৃষ্ঠার মূল্য ৬ টাকা
www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone







*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে আন্তর্জাতিক গণিত দিবস পালন অনুষ্ঠানে বক্তব্য রাখছেন ভিসি প্রফেসর ড. অনুপম সেন*

# গণিত ছাড়া বিজ্ঞানের অগ্রগতি সম্ভব নয় : ড. অনুপম সেন

প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগ ইউনেস্কো কর্তৃক ঘোষিত আন্তর্জাতিক গণিত দিবস ২০২২ উদযাপন উপলক্ষে গতকাল সোমবার বিভিন্ন কর্মসূচি পালন করে।

প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে উক্ত দিবসের কর্মসূচিসমূহের উদ্বোধন করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। শুরুতে এবারের প্রতিপাদ্য বিষয়ের উপর বিভাগের শিক্ষার্থীদের তৈরি চারটি প্রজেক্ট ও প্রজেক্টসমূহের উপর নির্মিত ডকুমেন্টারি প্রদর্শন করা হয়।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, গণিত একটি মৌলিক বিষয়। এটি ছাড়া বিজ্ঞানের অগ্রগতি সম্ভব নয়। প্রদর্শিত প্রজেক্টসমূহের উপর আলোচনার সূত্রপাত করে তিনি বলেন, মানবজীবনের প্রায় সকল ক্ষেত্রে অপ্‌টিমাইজেশনের ব্যবহার এক রকমের স্বভাবজাত হয়ে উঠেছে। ইকো সিস্টেমের প্রক্রিয়াগুলোর গাণিতিক রূপ, নম্বরের ব্যবহারসহ প্রজেক্টসমূহের বাস্তবিক দিক নিয়ে তিনি আলোচনা করেন।

এতে বিশেষ অতিথির বক্তব্য রাখেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের প্রাক্তন চেয়ারম্যান প্রফেসর ড. গনেশ চন্দ্র রায়। বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনিরের সভাপতিত্বে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর আহমেদ রাজীব চৌধুরী, বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ।-বিজ্ঞপ্তি

Ref: Daily Purbokone, Date: 15 March 2022, Page: 3, Col: 2
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2022-03-15

মঙ্গলবার
চট্টগ্রাম
১৫ মার্চ ২০২২
১ চৈত্র ১৪২৮
১১ সাবান ১৪৪৩
বর্ষ-১০, সংখ্যা-৯২

১০ বছরে
দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

পার্কভিউ হসপিটাল লিমিটেড
৯৪/১০৩, কাতালগঞ্জ রোড, পাঁচলাইশ, চট্টগ্রাম
24/7 চালু টেলিফোন ও মোবাইল নাম্বার সমূহ
টিএন্ডটি ফোন নাম্বার: 02-334455071-6, 02-334451901-6
মোবাইল নাম্বার: 01976-022111, 01976-022333
info@phlctg.com /parkviewhospitalctg parkview.com.bd

| শুভ সকাল | দশ কথার এক কথা | প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ | চট্টগ্রামে শনাক্ত মৃত্যু | শেষ পাতায় |
| --- | --- | --- | --- | --- |
| দেশে শতভাগ বিদ্যুতায়ন ঘোষণা ২১ মার্চ | বঙ্গবন্ধুর অসমাপ্ত কাজ শেষ করাই লক্ষ্য : প্রধানমন্ত্রী | www.dailypurbodesh.com ৮ পৃষ্ঠা \| ৬ টাকা | ১,২৬,৫৯৪ ১,৩৬২ | ৬ দফা মানলেই 'থেমে যাবে' যুদ্ধ! |



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে গণিত দিবসের সভায় বক্তব্য দেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন

# প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগে আন্তর্জাতিক গণিত দিবস উদ্‌যাপন

প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগ ইউনেস্কো কর্তৃক ঘোষিত আন্তর্জাতিক গণিত দিবস ২০২২ উদ্‌যাপন উপলক্ষে বিভিন্ন কর্মসূচি পালন করে। গত ১৪ মার্চ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উক্ত দিবসের কর্মসূচিসমূহের উদ্বোধন করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। শুরুতে এবারের প্রতিপাদ্য বিষয়ের উপর বিভাগের শিক্ষার্থীদের তৈরি চারটি প্রজেক্ট ও প্রজেক্ট সমূহের উপর নির্মিত ডকুমেন্টারি প্রর্দশন করা হয়। প্রধান অতিথি এবং অন্যান্য অতিথিবৃন্দ প্রজেক্টসমূহ দেখে প্রশংসা করেন। আলোচনা পর্বের শুরুতে মুজিব বর্ষ এবং স্বাধীনতার সুর্বণজয়ন্তী উপলক্ষে ছোট একটি সাংস্কৃতিক অনুষ্ঠান রাখা হয়। নতুন শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ করেন প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, গণিত একটি মৌলিক বিষয়। এটি ছাড়া বিজ্ঞানের অগ্রগতি সম্ভব নয়। প্রদর্শিত প্রজেক্টসমূহের উপর আলোচনার সূত্রপাত করে তিনি বলেন, মানবজীবনের প্রায় সকলক্ষেত্রে অপ্‌টিমাইজেশনের ব্যবহার একরকমের স্বভাবজাত হয়ে উঠেছে। ইকো সিস্টেমের প্রক্রিয়াগুলোর গাণিতিক রূপ, নাম্বারের ব্যবহারসহ প্রজেক্টসমূহের বাস্তবিক দিক নিয়ে তিনি আলোচনা করেন। গণিত অধ্যয়নের গুরুত্ব তুলে ধরে উপাচার্য আরো বলেন, প্লেটোর একাডেমি যেটি প্রায় আটশত বছর স্থায়ী ছিল সেখানে একটি নোটিশ লাগানো ছিল, যাতে লেখা ছিল 'যে গণিত জানেনা তার এ একাডেমিতে প্রবেশ নিষেধ'। নতুন শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে তিনি বলেন, তোমরা এ বিভাগ থেকে ডিগ্রী অর্জন করে প্রত্যেকে অন্তত দশজন ক্ষুদে শিক্ষার্থীর মধ্যে গণিতের প্রেরণা তৈরী করে দিতে পারলে আমাদের সমাজে শিক্ষা ও গবেষণায় অভাবনীয় অগ্রগতি সাধিত হবে।

বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর এ.কে.এম তফজল হক বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগ নিয়মিত শিক্ষা কার্যক্রমের পাশাপাশি গবেষণা এবং অন্যান্য অতিরিক্ত ও সহ-পাঠক্রমিক কার্যক্রম যথেষ্ঠ গুরুত্ব সহকারে এবং মানসম্মতভাবে পরিচালিত করে আসছে। তিনি এজন্য বিভাগকে ধন্যবাদ জানান।সমসাময়িককালে চাকুরির বাজারে গণিত এবং বিজ্ঞানে ডিগ্রীধারীদের চাহিদা ক্রমাগত বাড়ছে বলে তিনি উল্লেখ করেন। নতুন শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি বলেন তোমরা গণিতে ভর্তি হয়ে যুগোপযোগী সিদ্ধান্ত নিয়েছ। বিশেষ অতিথির বক্তব্যে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় গণিত বিভাগের প্রাক্তন চেয়ারম্যান প্রফেসর ড. গনেশ চন্দ্র রায় বলেন, দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর থেকে সম্পদের সীমাবদ্ধতা দূরীকরণে অপ্‌টিমাইজেশনের প্রসার লাভ করে। তিনি বিশুদ্ধ গণিত অধ্যয়নের প্রতি ছাত্রছাত্রীদেরকে আরো আগ্রহী হওয়ার জন্য অনুপ্রেরণামুলক বক্তব্য রাখেন। বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনিরের সভাপত্বিতে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর আহমেদ রাজীব চৌধুরী, বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 15 March 2022, Page: 3, Col: 1
https://epurbodesh.com/index.php?date=15-03-2022&page=3

চট্টগ্রাম • মঙ্গলবার • ১৫ মার্চ ২০২২ • ১ চৈত্র ১৪২৮ • ১১ শাবান ১৪৪৩ | ৮ পৃষ্ঠা • মূল্য ৬ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ১৮ সংখ্যা ২০৬ | suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH



মহানগর
মায়ের শাল দুধই শিশুর প্রথম খাবার ৩

সংবাদ ৪
বেতন বৈষম্য নিরসনসহ ১০ দফা দাবি



দেশগ্রাম ৫
রাউজানের সড়কের পাশে আমগাছে মুকুলের সমারোহ

বিনোদন
৬ ইমরানের নায়িকা সাবিলা নূর!






প্রিমিয়ার ইউনির্ভাসিটির গণিত দিবসের অনুষ্ঠানে বক্তব্য রাখেন ড. অনুপম সেন

# বিজ্ঞানে ডিগ্রিধারীদের চাহিদা ক্রমাগত বাড়ছে

## প্রিমিয়ার ইউনিভার্সিটি আন্তর্জাতিক গণিত দিবস উদ্‌যাপন

প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগ ইউনেস্কো কর্তৃক ঘোষিত আন্তর্জাতিক গণিত দিবস ২০২২ উদ্‌যাপন উপলক্ষে গতকাল বিভিন্ন কর্মসূচি পালন করে। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উক্ত দিবসের কর্মসূচি সমূহের উদ্বোধন করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রখ্যাত সমাজ বিজ্ঞানী প্রফেসর ড. অনুপম সেন।

শুরুতে এবারের প্রতিপাদ্য বিষয়ের উপর বিভাগের শিক্ষার্থীদের তৈরী চারটি প্রজেক্ট ও প্রজেক্ট সমূহের উপর নির্মিত ডকুমেন্টারি প্রর্দশন করা হয়। প্রধান অতিথি এবং অন্যান্য অতিথিবৃন্দ প্রজেক্টসমূহ দেখে প্রশংসা করেন।

আলোচনা পর্বের শুরুতে মুজিব বর্ষ এবং স্বাধীনতার সুর্বণজয়ন্তী উপলক্ষে ছোট একটি সাংস্কৃতিক অনুষ্ঠান রাখা হয়।

নতুন শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ করেন প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, গণিত একটি মৌলিক বিষয়। এটি ছাড়া বিজ্ঞানের অগ্রগতি সম্ভব নয়। প্রদর্শিত প্রজেক্টসমূহের উপর আলোচনার সূত্রপাত করে তিনি বলেন, মানবজীবনের প্রায় সকলক্ষেত্রে অপ্‌টিমাইজেশনের ব্যবহার একরকমের স্বভাবজাত হয়ে উঠেছে। ইকো সিস্টেমের প্রক্রিয়াগুলোর গাণিতিক রূপ, নাম্বারের ব্যবহারসহ প্রজেক্টসমূহের বাস্তবিক দিক নিয়ে তিনি আলোচনা করেন। গণিত অধ্যয়নের গুরুত্ব তুলে ধরে উপাচার্য আরো বলেন, প্লেটোর একাডেমি যেটি প্রায় আটশত বছর স্থায়ী ছিল সেখানে একটি নোটিশ লাগানো ছিল, যাতে লেখা ছিল "যে গণিত জানে না তার এ একাডেমিতে প্রবেশ নিষেধ"। নতুন শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে তিনি বলেন, তোমরা এ বিভাগ থেকে ডিগ্রি অর্জন করে প্রত্যেকে অন্তত দশজন ক্ষুদে শিক্ষার্থীর মধ্যে গণিতের প্রেরণা তৈরী করে দিতে পারলে আমাদের সমাজে শিক্ষা ও গবেষণায় অভাবনীয় অগ্রগতি সাধিত হবে। বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর এ.কে.এম তফজল হক বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগ নিয়মিত শিক্ষা কার্যক্রমের পাশাপাশি গবেষণা এবং অন্যান্য অতিরিক্ত ও সহ-পাঠক্রমিক কার্যক্রম যথেষ্ঠ গুরুত্ব সহকারে এবং মানসম্মতভাবে পরিচালিত করে আসছে। সমসাময়িককালে চাকুরির বাজারে গণিত এবং বিজ্ঞানে ডিগ্রিধারীদের চাহিদা ক্রমাগত বাড়ছে বলে তিনি উল্লেখ করেন।

নতুন শিক্ষার্থীদের উদ্দেশে তিনি বলেন, তোমরা গণিতে ভর্তি হয়ে যুগোপযোগী সিদ্ধান্ত নিয়েছ।

বিশেষ অতিথির বক্তব্যে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় গণিত বিভাগের প্রাক্তন চেয়ারম্যান প্রফেসর ড. গনেশ চন্দ্র রায় বলেন, দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর থেকে সম্পদের সীমাবদ্ধতা দূরীকরণে অপ্‌টিমাইজেশনের প্রসার লাভ করে। তিনি বিশুদ্ধ গণিত অধ্যয়নের প্রতি ছাত্রছাত্রীদেরকে আরো আগ্রহী হওয়ার জন্য আহ্বান করেন। বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনিরের সভাপত্বিতে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর আহমেদ রাজীব চৌধুরী, বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 15 March 2022, Page: 3, Col: 6
https://esuprobhat.com/index.php?page=1&date=2022-03-15